গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান শিক্ষকের কার্যালয়

## পাবনা জিলা স্কুল, পাবনা।

ডাকঘর: পাবনা, উপজেলা: পাবনা সদর, জেলা: পাবনা। EIIN নম্বর: ১২৫৫৬৪

E-mail: pabzschool@gmail.com. কেন্দ্র পাবনা- এ কেন্দ্র: ৩০১

স্মারক নং: পাজিস্কু/৩২৪/২৪ তারিখ: ২৭/১০/২০২৪ খ্রি.

## প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা প্রকৃত ব্যবসায়ী/প্রতিষ্ঠান/আগ্রহী ব্যক্তির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জিলা স্কুল, পাবনা- এ ছয় (০৬) তলা একাডেমিক ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থানে ব্যবহার অনুপযোগী পুরাতন ও ঝুঁকিপূর্ণ কমনরুম ও ০২ (দুই) টি হোস্টেল ভবন নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় আগামী ০৬/১১/২০২৪ খ্রি. তারিখ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় প্রধান শিক্ষকের অফিস কক্ষে প্রকাশ্য নিলামে অংশ গ্রহণের জন্য ক্রয় করতে ইচ্ছুক প্রকৃত ব্যবসায়ী/প্রতিষ্ঠান/আগ্রহী ব্যক্তিগণকে অনুরোধ জানানো হল।

### শর্তাবলী:

১. প্রকাশ্যে নিলামে অংশগ্রহনেচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্দিষ্ট তারিখ (০৬/১১/২০২৪ খ্রি.) সকাল ১১:০০ টার মধ্যে অত্র দপ্তরের নিলাম কমিটির নিকট নগদ ১০,০০০/- (দশ হাজার ) টাকা জমা দিয়ে নিলাম ডাককারী হিসেবে তালিকাভুক্ত হতে হবে। সকাল ১১:০০ টার পরে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা হবে না।

২. সর্বোচ্চ নিলাম ডাককারীর জমাকৃত ১০,০০০/- (দশ হাজার ) টাকা জামানত হিসেবে জমা থাকবে এবং অকৃতকার্য নিলাম ডাককারীর জামানতকৃত টাকা একই দিনে ফেরত দেওয়া হবে।

৩. কৃতকার্য নিলাম ডাককারীকে ডাককৃত মোট টাকা এবং উক্ত টাকার উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর পরের দিন ০৭/১১/২০২৪ খ্রি. তারিখ বৃহস্পতিবার পরিশোধ করতে হবে। সমুদয় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং ডাককারীর জামানতকৃত টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে। ধার্যকৃত সর্বোচ্চ নিলাম মূল্য অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।

৪. ব্যবহার অনুপযোগী পুরাতন ও ঝুঁকিপূর্ণ কমনরুম ও ০২ (দুই) টি হোস্টেল ভবন সরেজমিনে দেখে নিতে হবে।

৫. নিলামকৃত ব্যবহার অনুপযোগী পুরাতন ও ঝুঁকিপূর্ণ কমনরুম ও ০২ (দুই) টি হোস্টেল ভবনটি নিজ ব্যয়ে অপসারণসহ সাইট পরিষ্কার করার পর জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।

৬. ব্যবহার অনুপযোগী পুরাতন ও ঝুঁকিপূর্ণ কমনরুম ও ০২ (দুই) টি হোস্টেল ভবন অপসারণ কালে সীমানা প্রাচীরসহ অন্যান্য স্থাপনার কোন ক্ষতি করা যাবে না। কোনো স্থাপনা ক্ষতিগ্রস্থ হলে নিলামকারীকে নিজ ব্যয়ে তা মেরামত করে দিতে হবে।

৭. সফল ডাককারী ডাকগ্রহণের দিন থেকে ব্যবহার অনুপযোগী পুরাতন ও ঝুঁকিপূর্ণ কমনরুম ও ০২ (দুই) টি হোস্টেল ভবন এর রক্ষণাবেক্ষণ ও হেফাজতের পূর্ণ দায়িত্ব গ্রহণ করবেন। কার্যাদেশ গ্রহণের পর থেকেই ব্যবহার অনুপযোগী পুরাতন ও ঝুঁকিপূর্ণ কমনরুম ও ০২ (দুই) টি হোস্টেল ভবন এর কিছু নষ্ট বা খোয়া গেলে সে জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৮. অপসারণ কাজ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫:০০ টার মধ্যে করতে হবে।

৯. কৃতকার্য নিলাম ডাককারী কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ১০ (দশ) দিনের মধ্যে ব্যবহার অনুপযোগী পুরাতন ও ঝুঁকিপূর্ণ কমনরুম ও ০২ (দুই) টি হোস্টেল ভবন অপসারণ করবেন। নির্ধারিত সময়ে অপসারণে ব্যর্থ হলে জমাকৃত টাকা ও জামানত বাজেয়াপ্তসহ চুক্তিনামা বাতিল বলে গণ্য হবে।

১০. যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রকাশ্য ডাক চলাকালীন সময়ে নিলাম ডাকে কোনো প্রকার বিঘ্ন সৃষ্টি করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

১১. কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে নিলাম (ডাক) বিষয়ে যে কোনো সিদ্ধান্ত গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭/১০/২০২৪

(তুষার কুমার দাশ)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
পাবনা জিলা স্কুল,পাবনা।
ও
সদস্য সচিব
জেলা কনডেমনেশন কমিটি
পাবনা।

তুষার কুমার দাশ
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. জেলা প্রশাসক, পাবনা।
৩. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৪. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পাবনা।
৫. উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।
৬. জেলা শিক্ষা অফিসার, পাবনা।
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাবনা সদর,পাবনা।
৮. সংরক্ষণ নথি।

CamScanner